

## ক্যাপশন নিউজ

তারিখ: ২৭ জুন ২০২৬



“একজন সৈনিক থেকে রাষ্ট্রনায়ক” প্রামাণ্যচিত্র নির্মাণকাজ পরিদর্শনে বাউবি উপাচার্যবাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জীবন ও কর্মভিত্তিক “একজন সৈনিক থেকে রাষ্ট্রনায়ক” শীর্ষক প্রামাণ্যচিত্র নির্মাণের কাজ বর্তমানে চলমান রয়েছে। এ প্রামাণ্যচিত্রের প্রযোজনা করেছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের পরিচালক শরীফ মো. শাহাবুদ্দীন। গত ২৫ জুন ২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকেলে প্রামাণ্যচিত্রটির নির্মাণকাজ ও সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। এ সময় প্রামাণ্যচিত্র নির্মাণের সঙ্গে সম্পৃক্ত বাউবির মিডিয়া বিভাগ ও উপাচার্যের দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। বাউবির মাননীয় উপাচার্যের নির্দেশনায় মিডিয়া বিভাগের এই উদ্যোগ ইতিহাস, রাষ্ট্রচিন্তা ও নেতৃত্বের বিভিন্ন দিক নতুন প্রজন্মের কাছে উপস্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)